



# পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি

কল্যাণপুর, রাসামাটি-৪৫০০, পার্বত্য চট্টগ্রাম, বাংলাদেশ।

ফোন + ফ্যাক্স : +৮৮০-৩৫১-৬১২৪৮, ই-মেইল : pcjss@hotmail.com, pcjss@gmail.com

স্মারক নং :

তারিখ :

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ১৯ মে ২০১০

পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশনের চেয়ারম্যান অবসরপ্রাপ্ত বিচারপতি খাদেমুল ইসলাম চৌধুরী ভূমি কমিশনের আলোচনা ও সিদ্ধান্ত ছাড়াই একতরফাভাবে পার্বত্য চট্টগ্রাম চুক্তি পরিপন্থী ভূমি জরিপ ঘোষণা, ভূমি বিরোধ নিষ্পত্তির দরখাস্ত আহ্বান করে গণবিজ্ঞপ্তি জারী, তথাকথিত জেলা কমিশন নামে ভূমি কমিশনকে বিভক্তি, গণবিজ্ঞপ্তি ও আহ্বান প্রচারের নামে তিন জেলা সরকারী কর্মকর্তাদের সাথে সভা ও পদযাত্রা আয়োজন ইত্যাদি কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। গত ৪ মে ২০১০ তারিখে ইস্যুকৃত চিঠিমূলে তিন পার্বত্য জেলায় গণবিজ্ঞপ্তি ও আহ্বান প্রচারের নামে তিন পার্বত্য জেলার সরকারী কর্মকর্তাদের নিয়ে একরূপ পদ্ধতি-বহির্ভূত সভা ও পদযাত্রা আয়োজন করা হয়।

বলাবাহুল্য যে, গত ২৭ জানুয়ারী ২০১০ তারিখে পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশনের একটি মাত্র সভা অনুষ্ঠিত হওয়ার পর আজ অবধি কোন সভা অনুষ্ঠিত হয়নি। কিন্তু অত্যন্ত উদ্বেগজনক যে, কমিশনের সদস্যদের নিয়ে কমিশনের সভা আহ্বান না করে কমিশনের চেয়ারম্যান তিন জেলার সরকারী কর্মকর্তা ও বিভিন্ন ব্যক্তিদের নিয়ে একের পর এক সভা আহ্বান করে চলেছেন এবং এসব সভাসমূহকে কমিশনের সভা হিসেবে পরিগণিত করে বিধি ও পদ্ধতি বহির্ভূতভাবে কমিশনের কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। কমিশনের সদস্যদের সাথে বৈঠক না করে বিধি ও পদ্ধতি বহির্ভূতভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার ফলে পার্বত্য চট্টগ্রাম চুক্তি মোতাবেক ভূমি বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে নানা বিভ্রান্তি দেখা দিয়েছে এবং এর ফলে ভূমি বিরোধের ক্ষেত্রে নতুন জটিলতা ও অচলাবস্থা দেখা দিতে শুরু করেছে এবং ভূমি কমিশনকে অহেতুক প্রশ্নবিদ্ধ করা হচ্ছে।

ভূমি কমিশন চেয়ারম্যানের এই কার্যক্রম সম্পূর্ণ বিধি-বহির্ভূত, বাস্তব-বিবর্জিত ও হীনউদ্দেশ্য প্রণোদিত বলে পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি মনে করে। তাই পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি ভূমি কমিশনের চেয়ারম্যানের এই একতরফা ও স্বৈচ্ছাচারী কার্যক্রমের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে এবং অবিলম্বে একরূপ কার্যক্রম বন্ধকরণ পূর্বক বিধি ও পদ্ধতিগতভাবে কমিশনের সদস্যদের নিয়ে সভা আহ্বান করে ভূমি কমিশনের কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য দাবী জানাচ্ছে। অন্যথায় ভূমি বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে যে কোন ধরনের জটিলতা, অচলাবস্থা ও বিভ্রান্তির জন্য ভূমি কমিশনের চেয়ারম্যানই দায়ী থাকবেন।

(সজীব চাকমা)

সহ তথ্য ও প্রচার সম্পাদক  
পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি